

তারিখ	...
পৃষ্ঠা	৩
কলাম	...

আসন্ন এইচএসএস পরীক্ষায় নকল বন্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার : 'অবৈধ অস্ত্র রাখা যেমন অন্যায় নকল রাখাও তেমনি অপরাধ' এ শ্লোগান নিয়ে আসন্ন এইচএসএস পরীক্ষাকে নকলমুক্ত করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে শিক্ষা মন্ত্রণালয়। নকলমুক্ত পরিবেশে গত এসএসসি ও দাখিল পরীক্ষা সম্পন্ন করার ক্ষেত্রে গৃহীত পদক্ষেপের পাশাপাশি আগামী ১৬ মে থেকে অনুষ্ঠিত এইচএসএসি এবং মাদ্রাসা বোর্ডের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষাকে আরও সূষ্ঠ ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের জন্য ব্যাপক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এবারের পরীক্ষায় যেসব ছাত্রছাত্রী নকল সাথে নিয়ে পরীক্ষা হলে প্রবেশ করবে তাদের গেটেই বহিষ্কার করা হবে। পরীক্ষা কেন্দ্রের কোন কক্ষে নকল হলে কর্তব্যরত শিক্ষক যদি তা ধরতে ব্যর্থ হন এবং বহিরাগত কোন ম্যাজিস্ট্রেট বা পরিদর্শক সে নকল ধরেন

তবে পরীক্ষার্থীর সাথে সাথে উক্ত কক্ষের শিক্ষককেও বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল (রবিবার) বিআইএএম মিলনায়তনে বিভিন্ন জাতীয় দৈনিক ও প্রচার মাধ্যমের প্রধান প্রতিবেদকদের সাথে মতবিনিময়কালে শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এহছানুল হক মিলন এ পদক্ষেপের কথা ঘোষণা করেন। "নকলমুক্ত শিক্ষাঙ্গন" শীর্ষক এ উন্মুক্ত আলোচনায় শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেন, আসন্ন এইচএসএসি, আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় নকল প্রতিরোধে সরকার কঠোর ব্যবস্থা নিবে। শিক্ষা উপমন্ত্রী আব্দুস সালাম পিটু, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদফতরের মহাপরিচালক প্রফেসর আব্দুর রশীদ এবং শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণ এতে বক্তব্য রাখেন।